



ইউজিসি অ্যাওয়ার্ড
পাচ্ছেন ডা. এবিএম
আবদুল্লাহ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রবর্তিত 'ইউজিসি অ্যাওয়ার্ড ২০১৩' পাচ্ছেন দেশের বিশিষ্ট মেডিসিন বিশেষজ্ঞ, স্বাস্থ্য নিবন্ধকার ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুশদের ডিন অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ। মৌলিক ও উদ্ভাবনীমূলক গবেষণা কর্মের স্বীকৃতিরূপে ২০১৩ সালে ইউজিসি মনোনীতদের মধ্য থেকে তিনি এই সম্মাননা পাচ্ছেন। চিকিৎসা শাস্ত্রের বই ও জার্নাল প্রকাশের জন্য ইউরোপের অন্যতম প্রকাশনা প্রতিষ্ঠান 'এলসেভিয়ার' থেকে তার লেখা 'শর্ট কেসেস ইন ক্লিনিক্যাল মেডিসিন' বইয়ের জন্য তিনি এই পুরস্কার পাচ্ছেন। আগামী ২৯ মার্চ বিকাল ৩টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পুরস্কার প্রাপ্তদের হাতে অর্থ, সনদ ও সম্মাননা ক্রেস্ট তুলে দেবেন।

ডা. এ বি এম আবদুল্লাহ যুক্তরাজ্য থেকে মেডিসিনের ওপর এমআরসিপি ও এফআরসিপি ডিগ্রি অর্জন করেন নব্বই দশকে। দেশ-বিদেশের বিভিন্ন জার্নালে এ পর্যন্ত তার ৩০টির মত গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি